সমকাল

20 APR 2016

ফেসবুকে প্রেম

# ঢাকার স্কুলছাত্রীকে হবিগঞ্জে নিয়ে ধর্ষণ

■ মাধবপুর (হবিগঞ্জ) প্রতিনিধি

ঢাকার যাত্রাবাড়ী কাজলা আদর্শ উচ্চ বিদ্যালয়ের নবম শ্রেণীর এক ছাত্রীকে ফেসবুকে প্রেমের ফাঁদে ফেলে অপহরণ করে হবিগঞ্জের মাধবপুরে এনে ধর্ষণ, টাকা ও স্বর্ণালঙ্কার লুট করার অভিযোগে মাধবপুর থানায় মামলা হয়েছে।

যাত্রাবাড়ীর দক্ষিণ নয়ানগর কাজলার বাসিন্দা ছাত্রীর বাবা বাদী হয়ে ধর্ষক লিটন মিয়ার নাম উল্লেখ করে মাধবপুর থানায় চারজনের বিরুদ্ধে মামলা করেছেন। লিটন পশ্চিম মাধবপুরের ইদ্রিস মিয়ার ছেলে। পুলিশ স্কুলছাত্রীকে উদ্ধার করে ডাক্তারি পরীক্ষা সম্পন্ন শেষে মঙ্গলবার দুপুরে হবিগঞ্জ বিচারিক আদালতে হাজির করলে বিচারকের কাছে সে ২২ ধারায় জবানবন্দি দেয়।